



বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট) Bangladesh Legal Aid and Services Trust (BLAST)

তারিখ: ২৯ মে, ২০১৮

প্রেস বিজ্ঞপ্তি

“বিচার ব্যবস্থায় নারীর অংশগ্রহণ ও দক্ষতা বৃদ্ধিতে বিভিন্ন প্রশিক্ষণ কর্মসূচী গ্রহণ এবং সুপ্রীম কোর্ট বার সহ বিভিন্ন আইনজীবী সমিতিতে যৌন হয়রানি মুক্ত কর্ম পরিবেশ তৈরিতে ও আদালতের নির্দেশনা বাস্তবায়নে যৌন হয়রানি নিরসন কমিটি গঠন প্রয়োজন” ---- ব্লাস্ট আয়োজিত সম্মেলনে বক্তারা

আজ ২৯ মে, ২০১৮ তারিখ বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট) এর আয়োজনে এবং খ্রিস্টান এইড এর সহায়তায় “বিচার ব্যবস্থায় নারীর অংশগ্রহণঃ প্রতিবন্ধকতা ও সম্ভাবনা” বিষয়ক জাতীয় সম্মেলন বক্তারা বলেন বার কাউন্সিলে আইনজীবী ও বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউটে বিচারকদের জন্য জেডার সংবেদনশীলতা বিষয়ে বিভিন্ন প্রশিক্ষণ কর্মসূচী গ্রহণ করা প্রয়োজন। পাশাপাশি যৌন হয়রানি মুক্ত কর্ম পরিবেশ তৈরিতে আদালতের নির্দেশনা বাস্তবায়নে সুপ্রীম কোর্ট বার সহ বার কাউন্সিল ও বিভিন্ন আইনজীবী সমিতিতে যৌন হয়রানি নিরসন কমিটি গঠন প্রয়োজন।

সম্মেলনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন হাইকোর্ট বিভাগের মাননীয় বিচারপতি নাইমা হায়দার। তিনি বলেন, “বিচার ব্যবস্থাসহ অন্যান্য পেশায় নারীরা যে সব প্রতিবন্ধকতার সম্মুখীন হন তা হতে উত্তরণের জন্য নারীদেরই এগিয়ে আসতে হবে এবং স্ব-উদ্যোগে পদক্ষেপ নিতে হবে। তিনি সুপ্রীম কোর্টসহ সকল আদালত সমূহে যৌন হয়রানী প্রতিরোধ কমিটি গঠন নিশ্চিতকরণ এবং তা সক্রিয় করণের জন্য বার কাউন্সিলসহ সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের প্রতি সুপারিশ করেন। পাশাপাশি তিনি বিচারব্যবস্থায় নারীর দক্ষতা বৃদ্ধির জন্য বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউটকে বিভিন্ন প্রশিক্ষণ কোর্স চালু করার সুপারিশ প্রদান করেন।

সম্মেলনে উপস্থিত ব্লাস্টের বোর্ড অব ট্রাস্টিজ এর সদস্য এডভোকেট জেড আই খান তার দিক নির্দেশনা ও সমাপনী বক্তব্যে বলেন, “যৌন হয়রানি মুক্ত কর্ম পরিবেশ তৈরিতে এবং যৌন হয়রানি নিরসন কমিটি গঠনে বাংলাদেশ বার কাউন্সিল যথাযথ পদক্ষেপ নিবে এবং নিয়মিতভাবে প্রতি ৩ মাস অন্তর অন্তর ফলোআপ করবে বলে তিনি আশা ব্যক্ত করেন”।

সম্মেলনে আরও উপস্থিত ছিলেন তাসলিমা ইয়াসমিন, মুখ্য গবেষক, পাওয়ার প্রকল্প, ব্লাস্ট ও সহকারী অধ্যাপক আইন বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ড. মোঃ জহুরুল ইসলাম, চেয়ারম্যান, আইন বিভাগ, ইসলামী বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়া; ড. ফস্টিনা পেরেরা, হিউম্যান রাইটস্ এন্ড ডেভেলপমেন্ট স্পেশালিস্ট; ড. শাহনাজ হুদা, অধ্যাপক, আইন বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয় এবং জনাব মোঃ গোলাম কিবরিয়া, পরিচালক (প্রশিক্ষণ), বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট। এছাড়াও ঢাকা, খুলনা ও কুষ্টিয়ায় হতে আগত ব্লাস্ট এর ইকুইটি ফেলো সানজিদা ইসলাম শেলী, বনানী আরেফিন এবং সানজিদা তাজরী লিমা তাদের গবেষণা হতে প্রাপ্ত তথ্য উপস্থাপন করেন।

গবেষণা হতে প্রাপ্ত তথ্য উপস্থাপন ও অভিজ্ঞতা বিনিময়কালে তাসলিমা ইয়াসমিন পেশাগত ক্ষেত্রে নারীদের যৌন হয়রানি মুক্ত পরিবেশ নিশ্চিত করতে আইনজীবীদের যৌন হয়রানী প্রতিরোধ কমিটি নীতিমালা সম্পর্কে সচেতন করার এবং অন্যান্য সুবিধা প্রদান নিশ্চিত করার সাথে সাথে অবকাঠামোগত সুবিধা নিশ্চিত করতে হবে বলে মত প্রকাশ করেন।

বিশেষ অতিথির হিসেবে উপস্থিত ড. মোহাম্মাদ জহুরুল ইসলাম বলেন, “নারীদের সুবিধাভোগী হিসেবে বিবেচনা না করে তাদেরই মূল নেতৃত্বে নিয়ে আসতে হবে তবেই বিচার ব্যবস্থায় নারীদের অবস্থান সুদৃঢ় করা সম্ভবপর হবে।”

বিশেষ অতিথির হিসেবে উপস্থিত ডঃ শাহনাজ হুদা বলেন, “বিচার ব্যবস্থায় নারীদের সম্ভাবনা তৈরির জন্য নারীদেরই আরও সাহস সঞ্চার করতে হবে বলে মত প্রকাশ করেন।”



বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট)

Bangladesh Legal Aid and Services Trust (BLAST)

তাহমিনা রহমান, এমবিই, আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ ও দক্ষিণ এশিয়া, আর্টিকেল ১৯, এবং মানবাধিকারের জন্য সুপরিচিত এডভোকেট এই গবেষণা সম্পর্কে বলেন যে, “এটি একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ গবেষণা যার সুপারিশসমূহ বিচার বিভাগে সংশ্লিষ্ট কর্মকর্তাদের এবং তরুণ আইনজীবীদের বিচার বিভাগে ব্যাপক মাত্রায় অংশগ্রহণের সুযোগ করে দিবে।”

আলোচনায় বক্তারা নারীদের আইন পেশায় আরও বেশি মাত্রায় অন্তর্ভুক্তিকরণের জন্য বিচার ব্যবস্থায় সম্পৃক্ত সবার ইতিবাচক মানসিকতা তৈরি করা এবং নারী বান্ধব কর্মক্ষেত্র নিশ্চিত করার প্রতি গুরুত্ব আরোপ করেন। মুক্ত আলোচনায় অংশগ্রহণকারীরা, নারী বান্ধব কর্ম পরিবেশ তৈরিতে অবকাঠামো তৈরী, সন্তানদের দুস্থপান করানোর জন্য আলাদা কক্ষ, নারীদের জন্য আলাদা বিশ্রামাগারের সুবিধা প্রদানের বিষয়টি তুলে ধরেন। এছাড়া আদালত প্রাপ্তে নিয়োজিত পুলিশ কর্মকর্তাদের জেডার সমতা বিষয়ে সচেতন করা, পাঠ্য পুস্তকে নারী পুরুষের সম্পর্ক বিষয়ক সম্যক ধারণা প্রদান, নারী আইনজীবীদের প্রতি ইতিবাচক মনোভাব তৈরির জন্য বার কাউন্সিল কর্তৃক প্রশিক্ষণের ব্যবস্থা করা এবং আইনজীবী ও আইনপেশায় সম্পৃক্তদের জেডার সমতা বিষয়ে সচেতন করে পেশাগত মানোন্নয়নে করতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের আহ্বান করেন।

উল্লেখ্য যে, ব্লাস্ট পাওয়ার প্রকল্পের মাধ্যমে ৩১ এপ্রিল ২০১৭ থেকে ৩১ মে ২০১৮ পর্যন্ত তিনটি জেলা- ঢাকা, খুলনা ও কুষ্টিয়াতে গবেষণা কর্মশালা, অ্যাডভোকেসি সহ অন্যান্য প্রচারের কাজ পরিচালনা করছে। আজকের সম্মেলনের আরও উদ্দেশ্য ছিল আইনের ছাত্র, আইনজীবী, বিচারক, অন্যান্য আইনি পেশাদারদের গবেষণালব্ধ তথ্যের ভিত্তিতে মতামত গ্রহণ করা।

যোগাযোগে:

মাহবুবা আক্তার,

উপ- পরিচালক (যোগাযোগ ও এডভোকেসি), ব্লাস্ট

ফোন ০১৭৭৬০৬০১১৩

Email: mahbuba@blast.org.bd